তারিখ ...............
পৃষ্ঠা ...৪... কলাম .........

JUL 25


# প্রাইমারি স্কুলগুলোতে ব্লক-টিচিং বাতিল করা হোক

বাংলাদেশের সরকারি প্রাইমারি স্কুলগুলোতে বর্তমানে ব্লক-টিচিং প্রথা রয়েছে। এই ব্যাপারে নিয়ম চালু করা হয়েছে যে, একই শিক্ষক, একই ক্লাসে, সকাল সাড়ে নয়টা থেকে দুপুর ১২টা পর্যন্ত, এক নাগাড়ে এভাবেই পড়াবে। ওই সময় ওই একমাত্র শিক্ষককে, একে একে, ইংরেজি/বাংলা/অংক/পরিবেশ পরিচিতি ইত্যাদি বিষয়গুলো পড়াতে হয়। লক্ষ্য করা গেছে যে, এই পদ্ধতিতে শিক্ষকরা ঝিমিয়ে পড়ে, শিশুরাও। এতে একঘেয়েমির সৃষ্টি হয়। আরো উল্লেখযোগ্য বিষয় যে, একজন শিক্ষক, বাংলা/অংক/ ইংরেজি ইত্যাদি সব বিষয়েই সমান পারদর্শী নয়। কাজেই, এভাবে শিক্ষা দেওয়ার ফলে, শিক্ষার বৈষম্যের শিকার হচ্ছে কমলমতি সহজ সরল শিশুরা।

এই প্রথা বদলিয়ে একই ক্লাসে প্রতিটি শিক্ষা পিরিয়ডে, বিভিন্ন শিক্ষক যদি বিভিন্ন বিষয় পড়ান তবে শিশুরা/শিক্ষকরা কোনোক্রমেই ঝিমিয়ে পড়বে না। কেননা এসব কমলমতি বিভিন্ন পিরিয়ডে বিভিন্ন শিক্ষকের সংস্পর্শে এসে তাদের জ্ঞান অর্জনে আনন্দ পাবে। তেমনিভাবে শিক্ষকরাও পড়িয়ে আনন্দ পাবে।

পৃথিবীতে শিশুদের শিক্ষা দানের জন্য বর্তমানে যখন নতুন নতুন চিন্তাধারার আবির্ভাব হচ্ছে এবং সেগুলোর প্রয়োগ হচ্ছে সেখানে যুগের সঙ্গে তাল মিলিয়ে আমাদের দেশেও বাস্তবতার ভিত্তিতে শিক্ষা দেওয়ার চিন্তা মাথায় রাখতে হবে।


ডাক্তার আবুল হাসান বুলু
হাজিবাড়ী, বোতলাগাড়ী
সৈয়দপুর, নীলফামারী।